



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

e-mail : [info@bise-ctg.gov.bd](mailto:info@bise-ctg.gov.bd) website : <https://www.bise-ctg.gov.bd>



স্মারক নং-চশিবো/ক-শা/বিজ্ঞপ্তি/ম্যানুয়াল/৫৯৭০(৩০০)

তারিখ : /০১/২০২১খ্রি:

### বিজ্ঞপ্তি


বিষয় : ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ম্যানুয়াল এ ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন (eSIF) এর সময় বৃদ্ধি এবং অনলাইন ও ম্যানুয়ালে ভর্তিকৃত শিক্ষার্থীদের eSIF তালিকা, পাঠবিরতি ও বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি বোর্ডে জমাদান সংক্রান্ত।

সূত্র : ক) স্মারক নম্বর :-চশিবো/ক-শা/৫৮৮৬(২) তারিখ : ১৫/১২/২০২০খ্রি:।

খ) স্মারক নম্বর: চশিবো/ ক-শা/বিজ্ঞপ্তি/ম্যানুয়াল/৫৯২৬(৩০০) তারিখ: ০৪/০১/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অত্রবোর্ডের আওতাধীন কলেজ/স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, বর্ণিত সূত্রানুযায়ী ১৫/১২/২০২০ তারিখে জারীকৃত ও ১৭/১২/২০২০খ্রি: তারিখে অত্রবোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ম্যানুয়াল রেজিস্ট্রেশন (eSIF) সম্পন্ন করার তারিখ ২০/০১/২০২১ এর পরিবর্তে ০৪/০২/২০২১খ্রি: পর্যন্ত বৃদ্ধি করা হল। এছাড়া অনলাইন ও ম্যানুয়াল এ ভর্তিকৃত শিক্ষার্থীদের eSIF এর কপি, পাঠবিরতি ফি ও বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি অত্রবোর্ডে জমাদানের তারিখ ১১/০১/২০২১ থেকে ১৪/০১/২০২১ খ্রি: এর পরিবর্তে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের রেজি: কার্ড গ্রহণের সময় জমা দিতে হবে। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে রেজি:কার্ড বিতরণের সময়সূচী পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। সূত্রে উল্লিখিত বিজ্ঞপ্তির অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। ম্যানুয়াল ভর্তির eSIF সম্পন্ন করার জন্য [www.esifhsc.bise-ctg.gov.bd](http://www.esifhsc.bise-ctg.gov.bd) তে বিভাগ ভিত্তিক ম্যানুয়াল ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা উল্লেখ আছে। ইতিমধ্যে বিশেষ অনুমতিতে বিভিন্ন গ্রুপে ভর্তির কারণে ম্যানুয়াল ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যায় কোন পরিবর্তন থাকলে তা ২৪/০১/২০২১ তারিখের মধ্যে প্রমাণকসহ কলেজ শাখায় জানানো জন্য অনুরোধ করা হল। এরপর শিক্ষার্থীর সংখ্যা আর পরিবর্তন হবে না। এজন্য কোন শিক্ষার্থীর eSIF করতে না পারলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(প্রফেসর মো: জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
চট্টগ্রাম।

প্রাপক :

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান

সকল কলেজ/স্কুল এন্ড কলেজ